

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, কুমিল্লা  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচন অগ্রাধিকার  
অতীত জরুরি

স্মারক- ০৫.৪২.১৯০০.০০৮.১৮.০৯২.২৩-১২১৮

তারিখ ৩০ কার্তিক ১৪৩০  
১৫ নভেম্বর ২০২৩


গণবিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি খন্দকার মু: মুশফিকুর রহমান, জেলা প্রশাসক, কুমিল্লা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	ঃ	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার- সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	ঃ	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার- শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	ঃ	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার- শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	ঃ	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	ঃ	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ০৮.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২৫৩ কুমিল্লা-৫ নির্বাচনী এলাকার সকল বাসিন্দার জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং/ব্রাহ্মণপাড়া, কুমিল্লা) মনোনয়নপত্র গৃহিত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।


  
খন্দকার মু: মুশফিকুর রহমান  
জেলা প্রশাসক, কুমিল্লা

তারিখ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

ও  
রিটার্নিং অফিসার  
২৫৩, কুমিল্লা-৫  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৩। উপমহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
- ৪। পুলিশ সুপার, কুমিল্লা
- ৫। অধিনায়ক ১০ বিজিবি, কোটবাড়ী, কুমিল্লা।
- ৬। উপপরিচালক, র্যাব-১১, সিপিসি-২, কুমিল্লা।
- ৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা
- ৯। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং/ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার
- ১১। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা (নির্বাচনি এলাকায় জন সাধারণের মাঝে বহল প্রচারের জন্য অনুরোধ করা হল)
- ১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুমিল্লা
- ১৩। উপজেলা নির্বাচন অফিসার, বুড়িচং/ব্রাহ্মণপাড়া, কুমিল্লা
- ১৪। অফিসার ইন-চার্জ, বুড়িচং/ব্রাহ্মণপাড়া থানা, কুমিল্লা
- ১৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বুড়িচং/ব্রাহ্মণপাড়া, কুমিল্লা
- ১৬। সচিব, ..... ইউনিয়ন ..... উপজেলা, কুমিল্লা। বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, কুমিল্লা জেলা ও বুড়িচং/ব্রাহ্মণপাড়া উপজেলা প্রেসক্লাব, কুমিল্লা
- ১৮। নোটিশ বোর্ড



জেলা প্রশাসক, কুমিল্লা

ও  
রিটার্নিং অফিসার  
২৫৩, কুমিল্লা-৫  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন